



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345  
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২১/৯১

তাং ১০/০৬/২০২১ইং

বিষয়: **Registered Exporters System (REX)** বাস্তবায়নে রপ্তানী উন্নয়ন ব্যুরোর সার্ভিস চার্জ গ্রহন প্রসঙ্গে।

সূত্র: বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২০/১৬৭ তারিখ: ১৮/১১/২০২০ইং

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ থেকে ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে পণ্য রপ্তানীর ক্ষেত্রে সুবিধা প্রাপ্তির জন্য ইউরোপীয় ইউনিয়নের Implementing Regulation No. 2015/2447 অনুযায়ী বাংলাদেশ সরকারের Competent Authority হিসেবে রপ্তানী উন্নয়ন ব্যুরো'র দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে Registered Exporters System (REX) প্রাপ্তির তারিখ হতে রপ্তানীকৃত প্রতি কনসাইনমেন্টের বিপরীতে ইপিবি'র অনুকূলে সার্ভিস চার্জ বাবদ ২০০/- (দুইশত) টাকা প্রদানের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরো'র পরিচালনা পর্ষদে সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত অবস্থায়, উক্ত সার্ভিস চার্জসহ সার্ভিস চার্জের উপর সরকারের ভ্যাট ১৫% ও আয়কর ১০% হিসেবে সর্বমোট (টাকা ২০০+৩০+২০) = ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং রপ্তানী সংশ্লিষ্ট দলিলাদি Statement on Origin, Bill of Export, EXP ও Bill of Lading এর কপিসমূহ প্রতি কনসাইনমেন্টের বিপরীতে রপ্তানী উন্নয়ন ব্যুরো'তে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত সার্ভিস চার্জসহ আপনার রপ্তানী সংশ্লিষ্ট দলিলাদি ইপিবি'তে জমা না দেয়ায় ক্ষেত্র বিশেষে আমদানীকারক দেশের কাস্টমস এর অনুসন্ধানীতে ইপিবি কোন তথ্য প্রেরণ করতে পারছে না।

এছাড়াও রপ্তানী চালান প্রতি সার্ভিস চার্জ ও দলিলাদি জমা না দেয়ায় অনেক প্রতিষ্ঠানেরই বকেয়া জমে গেছে। ভবিষ্যতে ব্যবসায়িক জটিলতা এড়াতে সম্মানিত সকল সদস্যকে তাদের বকেয়া চার্জ দলিলাদিসহ ইপিবি'তে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরী।

মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব